প্রিয় জেলা প্রশাসক (সকল) ও
জেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল),

শুভেচ্ছা নিবেন।

আপনারা জানেন মাননীয় প্রধানমন্ত্রী জাতির পিতা বঙ্গবন্ধুর সুযোগ্য কন্যা জননেত্রী শেখ হাসিনা ২০১৬ সাল থেকে দরিদ্রের মধ্যে **"শেখ হাসিনার বাংলাদেশ, ক্ষুধা হবে নিরুদ্দেশ "** এই শ্লোগান কে সামনে রেখে **"খাদ্য বান্ধব কর্মসূচি"** চালু করেছেন। এই কর্মসূচীর মাধ্যমে পঞ্চাশ লক্ষ পরিবারকে পরিবারপ্রতি মাসিক ত্রিশ কেজি করে চাল মাত্র ১০ টাকা কেজি দরে দিয়ে যাচ্ছেন।

"খাদ্য বান্ধব কর্মসূচি'র " চাল ডিলার মারফত কার্ডের মাধ্যমে প্রদান করা হয়|

বর্তমান খাদ্য সচিব প্রায় তিন মাস পূর্বে সকল জেলা খাদ্য নিয়ন্ত্রকসহ সংশ্লিষ্ট সবার নিকট তালিকাগুলি হালনাগাদ করার জন্য পত্র দিয়েছিলেন। তারপরেও তালিকাসমূহ যদি সম্পূর্ণ হালনাগাদ না হয়ে থাকে তবে এক্ষণে আপনাদের কাছে আমার পুনঃনির্দেশনা যদি কোন ডিলার, কোন মেম্বার বা কেউ যদি বেনামী কার্ড সংরক্ষণ করে থাকেন তবে আগামী ০৫/০৪/২০২০ (রবিবার) তারিখের মধ্যে স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তার নিকট তা জমা দিবেন এবং স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা উপজেলা খাদ্য বান্ধব কমিটির সিদ্ধান্ত অনুযায়ী নীতিমালা অনুসরণ করে রিপ্লেসমেন্ট করবেন।

এই নির্দেশনার পরেও যদি কোন অবৈধ কার্ড ধরা পড়ে তবে সাথে সাথে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করিবেন। বিষয়টি আপনারা সকল উপজেলা নির্বাহী অফিসারদের অবহিত করবেন।

সাধন চন্দ্র মজুমদার, এম পি
মন্ত্রী
খাদ্য মন্ত্রণালয়
গপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার